# বিডিএসসি বার্তা

১ম বর্ষ ▣ ১ম সংখ্যা ▣ ১ জুলাই ২০১৪ খ্রিষ্টাব্দ




## কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে সিলেট সিটি মেয়র

# দেশের আর্থ-সামাজিক উন্নয়নে শেভরণ-এর মতো অন্যান্য ব্যবসায়িক প্রতিষ্ঠানকে এগিয়ে আসার আহবান

**বিডিএসসি বার্তা** ◆ শেভরণ বিশেষ অর্জন পদক বিতরণ অনুষ্ঠানে সিলেট কর্পোরেশনের মাননীয় সিটি মেয়র আরিফুল হক চৌধুরী বলেন, শিক্ষা, স্বাস্থ্য ও আর্থ-সামাজিক উন্নয়নে সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে শেভরণ বাংলাদেশ-এর মতো অন্যান্য ব্যবসায়িক ও লাভজনক প্রতিষ্ঠানকে এগিয়ে আসতে হবে। দেশ ও জাতির উন্নয়নে শেভরণ-এর ভূমিকা প্রশংসিত।

গত ১৬ জুন, ২০১৪ সোমবার সকালে সিলেট মহানগরীর কাজী জালাল উদ্দীন বহুমুখী বালিকা উচ্চ বিদ্যালয় মিলনায়তনে বাংলাদেশ ডেভেলপমেন্ট সার্ভিস সেন্টার (বিডিএসসি)-এর উদ্যোগে ও শেভরণ বাংলাদেশ-এর অর্থায়নে এসএসসি পরীক্ষা ২০১৪ তে 'গোল্ডেন এ প্লাস' ও 'এ প্লাস' প্রাপ্ত শিক্ষার্থীদের শেভরণ বিশেষ অর্জন পদক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শেভরণ বাংলাদেশ-এর ম্যানেজার (ফিল্ড কমিউনিটি এনগেজমেন্ট) জনাব জুলফিকার আহম্মেদ চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন সিলেটের সহকারী জেলা শিক্ষা অফিসার জনাব মোজাফফর হোসেন, শেভরণ বাংলাদেশ-এর ম্যানেজার (মিডিয়া কমিউনিকেশন) জনাব বদরুদ্দোজা বদর, বাংলাদেশ ডেভেলপমেন্ট সার্ভিস সেন্টার (বিডিএসসি)-এর সহকারী পরিচালক জনাব মোঃ ওবায়দুল হক।

বক্তব্য রাখেন বাংলাদেশ ডেভেলপমেন্ট সার্ভিস সেন্টার (বিডিএসসি)-এর টীম লিডার জনাব আব্দুন নুর, কাজী জালাল উদ্দীন বহুমুখী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল খালেক, অভিভাবক জনাব মোঃ সিরাজ উদ্দীন, মেধাবী শিক্ষার্থী জনাব তামারা ফেরদৌস, জনাব খায়রুজ্জামান নাসিম প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন বাংলাদেশ ডেভেলপমেন্ট সার্ভিস সেন্টার (বিডিএসসি)-এর প্রশিক্ষণ ও পরিবীক্ষণ কর্মকর্তা জনাব এসএমএ হাসনাত।

আরো উপস্থিত ছিলেন শেভরণ বাংলাদেশ-এর ল্যান্ড কোঅর্ডিনেটর জনাব এইচ, জে ফেরদৌস, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী জনাব নজরুল হাকিম, সিলেট সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী জনাব আলী আকবরসহ ৮টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও অভিভাবকবৃন্দ।

উল্লেখ্য, শেভরণ বাংলাদেশ-এর সহায়তাভূক্ত সিলেটের ৬টি শিক্ষা প্রতিষ্ঠানে এসএসসি পরীক্ষা ২০১৪ তে ৪জন 'গোল্ডেন এ প্লাস' এবং ৩১জন 'এপ্লাস' পেয়ে কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করেছে। উল্লেখ্য, অনুষ্ঠানে একটি ক্রেস্ট এবং 'গোল্ডেন এ প্লাস' প্রাপ্তকে সাত হাজার টাকা ও 'এ প্লাস' প্রাপ্তদের পাঁচ হাজার টাকা করে সর্বমোট এক লাখ ৮৮ হাজার টাকা তুলে দেয়া হয়।

## এসএসসি ২০১৪ পরীক্ষায় মেধাবী মুখ

# বিবিয়ানা গ্যাসফিল্ড এলাকায় কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা



**বিডিএসসি বার্তা** ◆হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলায় স্থানীয় এক কমিউনিটি সেন্টারে গত ২ জুন, ২০১৪ রোববার সকালে শেভরণ শিক্ষা কর্মসূচীর আওতায় এসএসসি ২০১৪ পরীক্ষায় গোল্ডেল এ প্লাস ও এ প্লাসপ্রাপ্ত শিক্ষার্থীদের শেভরণ বিশেষ অর্জন পদক বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শেভরণ বাংলাদেশ-এর পরিচালক (এক্সটারনাল এ্যাফেয়ার্স) জনাব নাসের আহম্মেদ। বিশেষ অতিথি ছিলেন নবীগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব নজরুল ইসলাম, ৩নং ইনাতগঞ্জ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আব্দুল বাতেন, আইডিয়া'র নির্বাহী পরিচালক জনাব নাজমুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ম্যানেজার (ফিল্ড কমিউনিটি এনগেজমেন্ট) জনাব মলয় কুমার সরকার। অনুষ্ঠানটি পরিচালনা করেন সিনিয়র কো-অর্ডিনেটর জনাব হাসান ইমাম।

স্বাগত বক্তব্য দেন সিনিয়র কো-অর্ডিনেটর জনাব আব্দুল লতিফ। সামাজিক নিরাপত্তা বিষয়ক আলোচনা করেন সিনিয়র কো-অর্ডিনেটর জনাব কামরুজ্জামান রিপন। অনুষ্ঠানে সহযোগিতা করেন সিনিয়র কো-অর্ডিনেটর জনাব মুরাদ।

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ ডেভেলপমেন্ট সার্ভিস সেন্টার (বিডিএসসি)-এর টীম লিডার জনাব আব্দুন নুর, নাদামপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব প্রদীপ রঞ্জন দাস, শিক্ষার্থী জনাব সাইফুল ইসলাম, জনাব ফারজানা ফেরদৌসী প্রমুখ।


অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থী ছাড়াও অভিভাবক, শিক্ষক, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

শেভরণ বাংলাদেশ-এর সহযোগী সংস্থা বাংলাদেশ ডেভেলপমেন্ট সার্ভিস সেন্টার (বিডিএসসি) অনুষ্ঠানটি আয়োজনে সর্বাত্মক সহযোগিতা করেছে।

উল্লেখ্য, অনুষ্ঠানে একটি ক্রেস্ট এবং 'গোল্ডেন এ প্লাস' প্রাপ্তকে নগদ সাত হাজার টাকা ও 'এ প্লাস' প্রাপ্তদের নগদ পাঁচ হাজার টাকা করে সর্বমোট এক লাখ ৮২ হাজার টাকা তুলে দেয়া হয়।

সকল শিক্ষার্থী এধরণের সংবর্ধনায় দারুনভাবে উৎসাহিত হয়েছে। এজন্য তারা তাদের বক্তব্যে এধরণের উদ্যোগকে ধন্যবাদ জানিয়েছে। অতিথিবৃন্দ ও বক্তারা শেভরণ বাংলাদেশ-এর ব্যতিক্রমধমী উদ্যোগকে স্বাগত জানিয়েছে। তারা অন্যান্য পাবলিক পরীক্ষাসহ শিক্ষাক্ষেত্রে সহযোগিতার আহবান জানান। ব্যতিক্রমধর্মী উদ্যোগে অংশ নিতে পেরে অতিথিবৃন্দ খুবই খুশী হয়েছে।


এসএসসি ২০১৪ পরীক্ষায় হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলায় ৮টি শিক্ষা প্রতিষ্ঠানে শেভরণ শিক্ষা কর্মসূচীর আওতায় একজন 'গোল্ডেন এ প্লাস' ও ৩৫জন 'এ প্লাস' পেয়ে কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করেছে।



নবীগঞ্জ উপজেলার বনকাদিপুর স্কুলে প্রাতিষ্ঠানিক পর্যায়ে অবহিতকরণ কর্মশালার আয়োজন করা হয়েছে




সিলেট মডেল উচ্চ বিদ্যালয়ে প্রাতিষ্ঠানিক পর্যায়ে অবহিতকরণ কর্মশালার আয়োজন করা হয়েছে



নবীগঞ্জ উপজেলায় প্রতিষ্ঠানভিত্তিক শিক্ষাবৃত্তি ২০১৪ চেক বিতরণ বিতরণ করা হয়


| | | |
|---|---|---|
| সম্পাদকমন্ডলীর সভাপতি | ■ | আব্দুন নুর |
| সম্পাদক (সদস্য সচিব) | ■ | এসএমএ হাসনাত |
| সম্পাদনা পরিষদ সদস্য | ■ | সাবিনা ইয়াসমিন |
| | ■ | ওলিউর রহমান |
| | ■ | আব্দুল্লা আল মামুন |
| অঙ্গসজ্জা ও অনুলিখনে | ■ | এসএমএ হাসনাত |



প্রকাশনায়
বাংলাদেশ ডেভেলপমেন্ট সার্ভিস সেন্টার (বিডিএসসি)

অর্থায়নে
শেভরণ বাংলাদেশ